গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
মধুখালী ,ফরিদপুর।
E-mail : ueomadhukhali@gmail.com

**স্মারক নং- ৩৮.০১.২৯৫৬.০০০.০৬.০০১.২২-৪৫৬** **তারিখ: ১৩ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ।**

## সভার নোটিশ

এতদ্বারা উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সকল সদস্যকে জানানো যাচ্ছে যে, আগামী **১৯** অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার সকাল **১১.০০** ঘটিকার সময় উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভা উপজেলা পরিষদ মিলনায়তন, মধুখালী, ফরিদপুর এ অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন **জনাব মোঃ শহিদুল ইসলাম**, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর। সভায় সকল সম্মানীত সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচী:**

**১**। উপজেলা শিক্ষা অফিসের মেরামত ও সংস্কার কাজের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদন।
**২**। মধুখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদন।
৩। ৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত, জরাজীর্ণ ও ব্যবহার অযোগ্য ভবন নিলাম বিক্রয় সংক্রান্ত।
৪। প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে করণীয় সংক্রান্ত।
৫। বিবিধ।

স্বাক্ষরিত/
**মো. সিরাজুল ইসলাম**
উপজেলা শিক্ষা অফিসার
মধুখালী, ফরিদপুর।
ফোন: ০২৪৭৮৮০৬৬৭৯

**স্মারক নং- ৩৮.০১.২৯৫৬.০০০.০৬.০০১.২২-৪৫৬** **তারিখ: ১৩ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি, মধুখালী, ফরিদপুর ।
২। উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ভাইস-চেয়ারম্যান, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি, মধুখালী, ফরিদপুর ।
৩। মেয়র, মধুখালী পৌরসভা ও সদস্য, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি, মধুখালী, ফরিদপুর।
৪। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস-চেয়ারম্যান, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি, মধুখালী, ফরিদপুর।
৫। ভাইস-চেয়ারম্যান(মহিলা),উপজেলা পরিষদ ও ভাইস-চেয়ারম্যান, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি, মধুখালী, ফরিদপুর।
৬। উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ও সদস্য, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি, মধুখালী, ফরিদপুর।
৭। উপজেলা প্রকৌশলী ও সদস্য, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি, মধুখালী, ফরিদপুর।
৮। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার ও সদস্য, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি, মধুখালী, ফরিদপুর।
৯। চেয়ারম্যান, বাগাট ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি, মধুখালী, ফরিদপুর।
১০। **জনাব অঞ্জন কুমার মজুমদার, প্রধান শিক্ষক, আমডাঙ্গা সপ্রাবি** ও সদস্য, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি, মধুখালী, ফরিদপুর।
**১১**। অফিস কপি।

**মো. সিরাজুল ইসলাম**
উপজেলা শিক্ষা অফিসার
ও
সদস্য-সচিব, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি
মধুখালী, ফরিদপুর।
ফোন: ০২৪৭৮৮০৬৬৭৯

# উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভায় উপস্থিতি হাজিরা

পরিশিষ্ট-ক

**সভার তারিখঃ ১৮ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ। সময়: সকাল-১১.০০ ঘটিকা।**

**স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন, মধুখালী, ফরিদপুর।**

| ক্রমিক | নাম | পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ শহিদুল ইসলাম | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি | | |
| ২ | মোঃ অশিকুর রহমান চৌধুরী | উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ভাইস-চেয়ারম্যান | | |
| ৩ | খন্দকার মোরশেদ রহমান | মেয়র, মধুখালী পৌরসভা ও সদস্য | | |
| ৪ | মোহাম্মদ মুরাদুজ্জামান | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস-চেয়ারম্যান | | |
| ৫ | মোর্শেদা আক্তার | ভাইস-চেয়ারম্যান(মহিলা) ,উপজেলা পরিষদ ও ভাইস-চেয়ারম্যান | | |
| ৬ | মোঃ আব্দুস সালাম | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ও সদস্য | | |
| ৭ | মোঃ রফিকুল ইসলাম | উপজেলা প্রকৌশলী ও সদস্য | | |
| ৮ | কে.বি.এম. হাবিবুল আলম | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার ও সদস্য | | |
| ৯ | মোঃ মতিয়ার রহমান খান | চেয়ারম্যান, বাগাট ইউনিয়ন পরিষদ ও সদস্য | | |
| ১০ | | | | |
| ১১ | জনাব অঞ্জন কুমার মজুমদার | প্রধান শিক্ষক, আমডাঙ্গা সপ্রাবি ও সদস্য | | |
| ১২ | **জনাব রাধা রানী দাস** | **প্রধান শিক্ষক, ছকড়ী কান্দি সপ্রাবি** ও সদস্য | | |
| ১৩ | মো. সিরাজুল ইসলাম | উপজেলা শিক্ষা অফিসার সদস্য-সচিব | | |

# উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভার কার্যবিবরণী

**সভাপতি: জনাব মোঃ শহিদুল ইসলাম**

**সভাপতি, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি**

**ও**

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর।

**সভার তারিখ: ১৮ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ। সময়: সকাল-১১.০০ ঘটিকা।**

**স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন, মধুখালী, ফরিদপুর।**

**সভায় উপস্থিতি হাজিরা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভাপতি সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন এবং সদস্য-সচিবকে আলোচ্য সূচী অনুযায়ী সভা পরিচালনা করার অনুরোধ জানান। সদস্য-সচিব সভার আলোচ্য সূচী অনুযায়ী সভা পরিচালনা করেন এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা শিক্ষা অফিসের মেরামত ও সংস্কার কাজের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদন। | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলা শিক্ষা অফিসের নিরাপত্তা জোরদারকরণে সিসিক্যামেরা স্থাপন, জল ছাদকরণ, ফার্নিচার ক্রয়, কক্ষসমূহে পর্দা ক্রয় এবং সম্পূর্ণ ভবন রংকরণের জন্য উপজেলা প্রকৌশলীর মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। অনুমোদিত প্রাক্কলনটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা প্রয়োজন। এজন্য প্রস্তুতকৃত প্রাক্কলনটি অনুমোদনের প্রয়োজন। | উপজেলা শিক্ষা অফিসের মেরামত ও সংস্কার করার জন্য প্রস্তুতকৃত প্রাক্কলনটি যাচাই বাছাই করা হয় এবং অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলনটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর। |
| ২ | মধুখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদন। | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, মধুখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যালয় পরিচালনা কমিটি গঠন করা হয়েছে। কমিটিঅনুমোদন করা প্রয়োজন। | মধুখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নব গঠিত এসএমসি কমিটি যাচাই বাছাই করা হয় এবং কোন ত্রুটি না থাকায় অনুমোদন করা হয় এবং অনুমোদিত কমিটি বিদ্যালয়ে জরুরী ভিত্তিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর। |
| ৪ | ৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত, জরাজীর্ণ ও ব্যবহার অযোগ্য ভবন নিলাম বিক্রয় সংক্রান্ত। | মধুখালী উপজেলার ১। চর গয়েশপুর সপ্রাবি, ২। জগন্নাথদী সপ্রাবি, ৩। সদ্য জাতীয়করণকৃত নওপাড়া সপ্রাবি, ৪। বামুন্দী বালিয়াকান্দী সপ্রাবি, ৫। দাঁড়িরপাড় সপ্রাবি ও ৬। ভাটী গোপালদী সপ্রাবি'র পুরামত ও জরাজীর্ণ ভবনসমূহ অপসারণের জন্য নিলাম বিক্রয় করা প্রয়োজন। নিলাম বিক্রয়ের জন্য উপজেলা প্রকৌশল অফিস কর্তৃক পৃথক পৃথক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনগুলো অনুমোদন করা প্রয়োজন। | গভায় প্রস্তুতকৃত ৬টি প্রাক্কলন যাচাই বাছাই করে অনুমোদন করা হয় এবং উপজেলা নিলাম কমিটির মাধ্যমে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে নিলাম বিক্রয় কওে সরকারি কোষাগারে অর্থ জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে করণীয় সংক্রান্ত | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ঝরেপড়ার হার রোধ ও প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে নিয়মিত বিদ্যালয় পরিদর্শনসহ পাঠদান কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিভিন্ন মেরামত ও সংস্কার কাজ এবং ভৌত অবকাঠামোগত উন্নয়ন নিয়মিত মনিটরিং করে উন্নয়নমূলক কার্যক্রমের গুণগত মান নিশ্চিত করা হচ্ছে। এছাড়া প্রতিটি বিদ্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সহ শিক্ষার্থীদের মাঝে নের্তৃত্বের গুণাবলী অর্জনের জন্য উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসারবৃন্দ ও শিক্ষকবৃন্দ কাজ করে যাচ্ছেন। কমিটির সদস্য জনাব আব্দুস সালাম জানান যে, মধুখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শৃঙ্খলার অভাব পরিলক্ষিত হওয়ায় শিক্ষা কার্যক্রমে ব্যাঘাত ঘটছে। কমিটির ভাইস চেয়ারম্যান জনাব মোহাম্মদ মুরাদুজ্জামান মুরাদ বলেন যে, মধুখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কতিপয় শিক্ষক রাজনৈতিক নেতাদেও ছত্রছায়ায় থাকেন এবং পরিবেশ নষ্ট করছেন। এদেরকে নিয়ন্ত্রণ করতে হবে। কমিটির নির্বাহী ভাইস চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আশিকুর রহমান চৌধুরী মধুখালী উপজেলার প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে সমন্বিত উদ্যোগ গ্রহণের মাধ্যমে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। কমিটির সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ শহিদুল ইসলাম মধুখালী উপজেলার প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে যে কোন কাজে যে কোন সময় তাঁকে পাওয়া যাবে বলে সবাইকে আশ্বস্থ করেন। | ঝরেপড়ার হার রোধ ও প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রমের পাশাপাশি শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধির জন্য নিয়মিত হোম ভিজিট, শ্রেণিভিত্তিক মা ও অভিভাবক সমাবেশ করা এবং সমন্বিত উদ্যোগ গ্রহণের মাধ্যমে প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন(মডেল স্কুল প্রকল্প) প্রকল্পটি বাস্তবায়ন এবং মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসারবৃন্দ ও প্রধান শিক্ষকবৃন্দ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/

**জনাব মোঃ শহিদুল ইসলাম**
**সভাপতি**
**উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি**
**ও**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর।

**স্মারক নং- ৩৮.০১.২৯৫৬.০০০.০৬.০০১.২২-** **তারিখঃ ১৮ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফরিদপুর।
৪। জনাব----------------------মধুখালী, ফরিদপুর।
৫। অফিস কপি।

স্বাক্ষরিত/

**মো. সিরাজুল ইসলাম**
উপজেলা শিক্ষা অফিসার
মধুখালী, ফরিদপুর।
ফোনঃ ০২৪৭৮৮০৬৬৭৯